দৈনিক জনকণ্ঠ

তারিখ . 09 MAR 2016 ...
পৃষ্ঠা ..৭.৫.. কলাম...৫.......

# চবির ইংরেজী বিভাগের পাঠ্যে অসমাপ্ত আত্মজীবনী

**চবি সংবাদদাতা ॥** দু'দিন আগেই পার হলো ৭ মার্চ। বাঙালী জাতির ঐতিহাসিক একটি দিন। ওই দিনেই জাতি পেয়েছিল স্বাধীনতা সংগ্রামের দিকনির্দেশনা। মনে মনে বুনেছিল স্বাধীন বাংলাদেশের স্বপ্ন। যে স্বপ্ন দেখাতে শিখিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ঐতিহাসিক ভাষণে তিনি বলেছিলেন 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' বঙ্গবন্ধুর এই ভাষণেই বাঙালী জাতি পেয়েছিল মুক্তিযুদ্ধের নির্দেশনা। পরবর্তীতে নয় মাসের যুদ্ধে ৩০ লাখ শহীদের রক্ত ও ২ লাখ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে অর্জিত হয় লাল সবুজের পতাকা। তাই বঙ্গবন্ধু আমাদের জাতির পিতা।

নতুন প্রজন্মকে আমরা জাতির জনক সম্পর্কে কতটুকু জানাতে পারছি? বিশ্ববিদ্যালয়গুলোতে যেখানে তাকে নিয়ে হওয়ার কথা গবেষণা, সেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কতটুকু জানছে জাতির পিতার বিষয়ে? বিশ্ববিদ্যালয়সমূহের পাঠ্যে বঙ্গবন্ধুকে নিয়ে কতটুকুই বা পড়ানো হয়? জাতি হিসেবে এ জায়গাটাতে এখনও আমাদের রয়েছে হতাশা। তবে সবাই স্রোতে গা ভাসায় না। তেমনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগ। এখানে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালীর জীবনী পড়ানো হয় পাঠ্য হিসেবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী এই বিভাগের শিক্ষার্থীদের পাঠ্য। তারা একাডেমিক পড়াশোনার অংশ হিসেবেই সুযোগ পাচ্ছে বঙ্গবন্ধু সম্পর্কে জানার।